

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি ড. নিয়াজ

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৮:০০, ২৬ আগস্ট ২০২৪



নতুন ভিসি ড. নিয়াজ

আজ ২৬ আগস্ট সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খানকে নিয়োগ দেওয়া হয়েছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের সাবেক চেয়ারম্যান, ন্যাশনাল ডিফেন্স কলেজের (এনডিসি) সিনিয়র একাডেমিক অ্যাডভাইজার, ব্র্যাক ইন্সটিটিউট অব গভর্ন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট (বিআইজিডি)-এর সিনিয়র একাডেমিক অ্যাডভাইজার, বাংলাদেশ ট্রপিক্যাল ফরেস্ট কনজারভেশন (অরণ্যক) ফাউন্ডেশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন।

UNIBOTS

Advertisement (1 of 2): 1:46

অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান ইউনিভার্সিটি অব অক্সফোর্ড, ইউনিভার্সিটি অব ওয়েলস সোয়ানসি, এশিয়ান ইন্সটিটিউট অব টেকনোলজিতে উচ্চ শিক্ষা গ্রহণ ও গবেষণা করেছেন।

দীর্ঘদিন ধরে বাংলাদেশ, থাইল্যান্ড ও যুক্তরাজ্যে একাডেমিক ও কার্যকরী ডেভেলপমেন্ট ম্যানেজমেন্টের উপর লব্ধ অভিজ্ঞতা তার পেশাগত দক্ষতাকে সমৃদ্ধশালী করেছে। ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অব ন্যাচার-এর বাংলাদেশ প্রতিনিধি হিসেবে কাজ করার পাশাপাশি তিনি ইউএনডিপি-বাংলাদেশের সিনিয়র প্রোগ্রাম কো-অর্ডিনেটর, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের ফরেষ্ট অ্যান্ড ন্যাচারাল রিসোর্স ম্যানেজমেন্ট স্পেশালিষ্ট, ইউনিভার্সিটি অব অক্সফোর্ডের কুইন এলিজাবেথ হাউজের সাউথ এশিয়ান ফেলো এবং কায়রোতে অবস্থিত আমেরিকান ইউনিভার্সিটির বিশিষ্ট ভিজিটিং গবেষক হিসেবেও দায়িত্ব পালন করেন।

অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান-এর পরিবেশ, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা, সোশ্যাল ও কমিউনিটি ডেভেলপমেন্টের উপর ৪৫টি প্রবন্ধ এবং ওয়েব অব সায়েন্স অ্যান্ড স্কেপাস ইন্ডেক্সড জার্নালসহ ১৭০টিরও বেশি নিবন্ধ রয়েছে।